আলমডাঙ্গায় আনসার ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত

আলমডাঙ্গা উপজেলা আনসার ও ভিডিপির উদ্যোগে বৃক্ষরোপন কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে এ বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন করেন উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা আজিজুল হাকিম।

এ সময় আনসার ও ভিডিপি’র উপজেলা প্রশিক্ষক মাজিদুল হকসহ ইউনিয়ন দলনেতা ও দলনেত্রী এবং আনসার প্লাটুন কমান্ডার ও সহকারি আনসার প্লাটুন কমান্ডার উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপন কর্মসূচীতে আনসার কর্মকর্তা আজিজুল হাকিম বলেন, দেশের পরিবেশ ধরে রাখতে হলে গাছের গুরুত্ব অপরিসীম। সকলে নিজ উদ্যোগে বাড়িতে কমপক্ষে দুটি গাছ রোপন করতে হবে। নিজের পাশাপাশি গাছ রোপনে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে। এর আগে আনসার ও ভিডিপির কর্মীদের মাঝে তাদের পরিচয়পত্র বিতরণ করা হয়েছে।

কুষ্টিয়ায় শুভ সংঘের উদ্যোগে মাস্ক বিতরণ ও বৃক্ষরোপন কর্মসূচী

“শুভকাজে সবার পাশে” দৈনিক কালের কন্ঠ পত্রিকার সহযোগী প্রতিষ্ঠান শুভ সংঘ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে করোনা ভাইরাস ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা ও শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণসহ বিদ্যালয় আঙ্গিনায় বৃক্ষ রোপন করা হয়েছে। একই সাথে দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করা হয়।

বৃহস্পতিবার সকাল ১০টায় কুষ্টিয়া সদর উপজেলার দি ওল্ড কুষ্টিয়া

হাইস্কুলে এসব কর্মসুচী পালন করা হয়।

দৈনিক কালের কন্ঠ পত্রিকার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিকের সঞ্চালনায় বক্তব্য রাখেন দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) আশরাফুল হক উজ্জ্বল, শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাধারন সম্পাদক কাকলী খাতুন, প্রচার সম্পাদক এসএম জামাল, সদস্য তরুণ কুমার ঘোষ দিক নির্দেশনামুলক ও সচেতনতামুলক বক্তব্য রাখেন।

শুভ কাজে সবার পাশে থাকার প্রত্যয় ব্যক্ত করে বক্তারা বলেন, যার মধ্যে দেশপ্রেম ও সত্যিকারের ভালোবাসা আছে সে কখনো খারাপ হতে পারে না। তাই আসুন আমরা প্রতিদিন একটি করে ভালো কাজ করতে শিখি। আর এই ভালো কাজের মধ্য দিয়ে দেশকে ভালোবাসা যায়, সমাজকে ভালোবাসা যায়, পরিবারকে তথা সকলকেই ভালোবাসা যায়। সকল অসুন্দরকে রুখতে তরুণদের সবার আগে এগিয়ে আসতে হবে। কারণ, তরুণরাই আগামীতে নেতৃত্ব দেবে। তরুণদের আলোয় আলোকিত হতে হবে। তাহলেই সকল অসুন্দর থেকে নিজেকে ভালো রাখা যাবে এবং দেশের প্রতি আত্মার ভেতর থেকে ভালোবাসা তৈরি হবে।

পরে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়। এছাড়াও বিদ্যালয় আঙ্গিনায় শোভাবর্ধনের জন্য বৃক্ষরোপন করা হয়। এরআগে বিদ্যালয়ের পাঁচ শতাধিক শিক্ষার্থীদের দুর্নীতি বিরোধী শপথ বাক্য পাঠ করান শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সাংগঠনিক সম্পাদক মুনতাসীর আল মামুন।

এসময় দি ওল্ড কুষ্টিয়া হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষক নুর আসমান লতা, সহকারী শিক্ষক তোহিদুল ইসলাম তুহিনসহ সহ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীসহ শুভ সংঘের কুষ্টিয়া জেলা শাখার সদস্য নাফিস, রিজা, আখিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন